

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১লা জানুয়ারী ২০১৮ তারিখে ২৩তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৮



শুভ উদ্বোধন করেন। এ মেলায় শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন



(বিএসইসি)-এর নিয়ন্ত্রনাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের পণ্য সমূহের প্রচার ও পরিচিতির লক্ষ্যে রিজার্ভ প্যাভিলিয়ন - ৩ স্থাপন করা হয়। স্থাপিত প্যাভিলিয়নটি বেগম সীমা সাহা, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, বিএসইসি উদ্বোধন করেন। এ সময় বিএসইসি'র পরিচালক বাণিজ্যিক জনাব কোংখাম নীলমনি সিংহ, সচিব জনাব ড. মোঃ আমিরুল মমিন সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

